

বিশ্ব

অত্যাধিক CO₂ ফসলের পুষ্টিগুণ নষ্ট করছে

অস্ট্রেলিয়া, ইসরাইল, জাপান এবং যুক্তরাষ্ট্রের একদল বিজ্ঞানী প্রমাণ করেছেন যে, বায়ুমন্ডলের অত্যাধিক কার্বন-ডাই-অক্সাইড ধান, গমসহ ডাল জাতীয় কিছু ফসলের পুষ্টিমান কমিয়ে দিচ্ছে। জিংক এবং লৌহের পাশাপাশি কিছু উপকারি প্রোটিনেরও ঘনত্ব কমে যাচ্ছে বলে নিশ্চিত করেছেন সংশ্লিষ্টরা।

To read more, go to http://news.illinois.edu/news/14/0507CO2_AndrewLeakey.html.

আফ্রিকা

মিশরে বায়োটেক ফসলের উপকারিতা বিষয়ক কর্মশালা

মিশর বায়োটেকনোলজি ইনফরমেশন সেন্টার আয়োজিত বায়োটেক ফসলের বানিজ্যিকীকরণ বিষয়ক এক কর্মশালায় এ ফসলের উপকারি দিকগুলো তুলে ধরা হয়েছে। ISAAA সভাপতি ড. ক্লাইভ জেমসের তাঁর বক্তব্যে সমগ্র পৃথিবীতে বায়োটেক ফসল চাষের বর্তমান পেক্ষাপট বিষয়ে বিস্তারিত তুলে ধরেছেন। উক্ত আয়োজনে বিজ্ঞানী, শিক্ষক, শিক্ষার্থী, কৃষি সংশ্লিষ্ট ব্যক্তিবর্গসহ গণমাধ্যমের কর্মীরা উপস্থিত ছিলেন।

For more information, visit <http://www.e-bic.net/> or contact Dr. Naglaa Abdallah at nabdallah@e-bic.net

আমেরিকা

গমের রোগ প্রতিরোধ জিন ম্যাপ উন্মোচন

আমেরিকার একদল বিজ্ঞানী সম্প্রতি গমের জেনোমে রোগ প্রতিরোধী জিনের ম্যাপ উন্মোচন করেছেন। এ জিন ম্যাপ পরবর্তীতে রোগ প্রতিরোধে অগ্রবর্তী ভূমিকা পালন করবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

For more details about this research, read the news release available at <http://today.agrilife.org/2014/05/05/agrilife-research-maps-wheat-curl-mite-resistance-genes-in-tam-112/>.

কানাডায় বায়োটেক ভূট্টা অনুমোদন

সম্প্রতি কানাডা সরকার বায়োটেক ভূট্টার বানিজ্যিক চাষ অনুমোদন করেছে যা দেশটির খাদ্য চাতিদা পূরনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এগ্রোসায়েন্স কোম্পানীর মাধ্যমে সমগ্র দেশব্যাপী চাষ করা হবে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

Read more at <http://www.croplife.com/crop-inputs/canadian-farmers-to-access-enlist-corn/>.

এশিয়া

ধাতু খাদক উদ্ভিদ আবিষ্কার

ফিলিপাইনের প্রত্যন্ত দ্বীপে একদল গবেষক এমন এক উদ্ভিদ খুঁজে পেয়েছেন যা নিকেল (এক প্রকার ধাতু) শোষণ করতে সক্ষম। *Rinorea niccolifera* নামক এ উদ্ভিদ ১৮,০০০ পি.পি.এম. নিকেল তার পাতায় সংরক্ষণ করতে সক্ষম যা অন্যান্য নিকেল শোষণকারী উদ্ভিদের তুলনায় হাজার গুন অধিক। সবুজ জীবপ্রযুক্তি নিশ্চিতকরণে এ উদ্ভিদ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

For more details about this discovery, read <http://www.pensoft.net/news.php?n=384&SESID=def131a9eff89c651723c2d542ddd1f>.

ইউরোপ

মাটির উর্বরতা বাড়াতে বায়োটেকনোলজি

জেমস হাটন ইনস্টিটিউটের একদল গবেষক এমন এক ধরনের ফসল আবাদ পদ্ধতি আবিষ্কার করেছেন যা ফসফরাসের (পি.) পরিমাণ বাড়িয়ে মাটির উর্বরতা রক্ষা করবে। এর ফলে রাসায়নিক সারের প্রয়োজনীয়তা হ্রাস পাবে যা জলবায়ু পরিবর্তন রোধে সহায়ক ভূমিকা পালন করবে।

For more information about this research, read the news release at http://www.rothamsted.ac.uk/roots_Pfertiliser.

গবেষণা

বায়োটেক সয়াবিনের পুষ্টিমান বৃদ্ধি

সম্প্রতি একদল গবেষক জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর মাধ্যমে সয়াবিনের পুষ্টিমান বৃদ্ধি করতে সক্ষম হয়েছে যা মিল্ক বাউন্ডেল প্রোটিন (এম.বি.-১৬) এর সংশ্লেষণকে ত্বরান্বিত করবে। মিথিওনিন, থ্রিওনিন, লাইসিন ও লিটসিনের সমন্বয়ে গঠিত এ উপকারি প্রোটিনটি যদিও পরিপুষ্ট বীজে উচ্চমাত্রায় থাকবে কিন্তু পুরতন বীজে এর মাত্রা কমতে থাকবে।

Read more about this promising study at <http://link.springer.com/article/10.1007/s11248-013-9777-5/fulltext.html>.